

আদেশ

নথিতে নোট উপস্থাপন করবে। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক উক্ত ফলাফল অনুমোদন সাপেক্ষে চূড়ান্ত নিরীক্ষা প্রতিবেদন কমিশনারের নিকট উপস্থাপন করতে হবে।

৬। কোন অনিয়ম না পাওয়ার ক্ষেত্রে কর্মপদ্ধতি:

যেক্ষেত্রে খালাসোত্তর নিরীক্ষা সম্পন্ন হওয়ার পর দেখা যায় যে কোন অনিয়ম বা বিচ্যুতি পাওয়া যায়নি, সেই ক্ষেত্রে নিরীক্ষককে নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করতে হবে:

- ক) নিরীক্ষার বিস্তারিত ফলাফল লিপিবদ্ধ করে নিরীক্ষকগণকে একটি চূড়ান্ত নিরীক্ষা প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে।
- খ) সংযুক্ত খালাসোত্তর নিরীক্ষা ম্যানুয়াল (ট্রানজেকশন-ভিত্তিক নিরীক্ষা) এর পরিশিষ্ট-১০ এর ‘নিরীক্ষার ফাইন্ডিংস এর উপর অভ্যন্তরীণ প্রতিবেদন’ ফরম টি যথাযথভাবে পূরণ করে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে।
- গ) ডেটাবেইসে সংশ্লিষ্ট ব্যবসায়ী/প্রতিষ্ঠানের নথি আপডেট করতে হবে।

০৭। অনিয়ম বা বিচ্যুতি পাওয়া গেছে কিন্তু রাজস্ব ফাঁকি হয়নি এমন ক্ষেত্রে কর্মপদ্ধতি:

যেক্ষেত্রে খালাসোত্তর নিরীক্ষার মাধ্যমে অনিয়ম বা ত্রুটি বা বিচ্যুতি উদঘাটিত হয় কিন্তু রাজস্ব কম বা বেশি পরিশোধিত হয়নি বা কোনরূপ রাজস্ব ফাঁকি হয়নি, সেই ক্ষেত্রে নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করতে হবে:

- ক) বিস্তারিত পরিস্থিতি তুলে ধরে প্রস্তাবসহ পরবর্তী নির্দেশনার জন্য একটি প্রাথমিক প্রতিবেদন দাখিল করতে হবে।
- খ) নির্দেশনা পাওয়ার পর নিরীক্ষা নথি এবং নিরীক্ষা কার্যপত্র নথিতে বিস্তারিত নোট লিখতে হবে।
- গ) কোন নির্দেশনা থাকলে উহা বাস্তবায়ন করতে হবে।
- ঘ) পরবর্তীতে গৃহীত কার্যক্রমের কারণে কোন ফলাফল পাওয়া গেলে তা নিরীক্ষা নথিতে লিপিবদ্ধ করতে হবে।
- ঙ) সকল কার্যক্রম সম্তোষজনকভাবে সম্পাদিত হলে চূড়ান্ত প্রতিবেদন প্রস্তুত করত: উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে।
- চ) সংযুক্ত খালাসোত্তর নিরীক্ষা ম্যানুয়াল (ট্রানজেকশন-ভিত্তিক নিরীক্ষা) এর পরিশিষ্ট-১০ এর ‘নিরীক্ষার ফাইন্ডিংস এর উপর অভ্যন্তরীণ প্রতিবেদন’ ফরম টি যথাযথভাবে পূরণ করে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে।
- ছ) ডেটাবেইসে সংশ্লিষ্ট ব্যবসায়ী/প্রতিষ্ঠানের নথি আপডেট করতে হবে।

৮। রাজস্ব ফাঁকিসহ অনিয়ম/বিচ্যুতি উদঘাটিত হয়েছে এমন ক্ষেত্রে কর্মপদ্ধতি:

যেক্ষেত্রে খালাসোত্তর নিরীক্ষার মাধ্যমে রাজস্ব কম বা বেশি প্রদানের মত ঘটনা উদঘাটিত হয়, সেই ক্ষেত্রে নিম্নবর্ণিত কর্মপদ্ধতি গ্রহণ করতে হবে:

- ক) বিস্তারিত পরিস্থিতি তুলে ধরে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন দাখিল করতে হবে। পরবর্তী করণীয় সম্পর্কে নিরীক্ষকগণ বিস্তারিত সুপারিশ তুলে ধরবেন এবং একইসাথে উর্ধ্বতন কর্তৃপক্ষের দিক নির্দেশনা কামনা করবেন।
- খ) নির্দেশনা পাওয়ার পর তা নথিতে ও নিরীক্ষা কার্যপত্রে যথাযথভাবে লিপিবদ্ধ করবেন।
- গ) নির্দেশনার যথাযথ বাস্তবায়ন করবেন। কম আদায়ের ক্ষেত্রে পাওনা রাজস্ব আদায় বা বেশি আদায়ের ক্ষেত্রে অতিরিক্ত অর্থ ফেরৎ প্রদানের জন্য সংশ্লিষ্ট কমিশনারেটে নথি অগ্রায়ণ করবেন।
- ঘ) সংশ্লিষ্ট কমিশনারেট কর্তৃক সমন্বয়ের ক্ষেত্রে তা বিস্তারিত নিরীক্ষা নথিতে উল্লেখ করতে হবে। একইসাথে নিরীক্ষা কার্যপত্র আপডেট করতে হবে।
- চ) নিরীক্ষা সম্পন্ন করে এবং প্রয়োজনীয় ফলো-আপ শেষে চূড়ান্ত নিরীক্ষা প্রতিবেদন দাখিল করতে হবে।
- ছ) সংযুক্ত খালাসোত্তর নিরীক্ষা ম্যানুয়াল (ট্রানজেকশন-ভিত্তিক নিরীক্ষা) এর পরিশিষ্ট-১০ এর ‘নিরীক্ষার ফাইন্ডিংস এর উপর অভ্যন্তরীণ প্রতিবেদন’ ফরমটি পূরণ করে সংশ্লিষ্ট শাখায় দাখিল করতে হবে।
- ঝ) ডেটাবেইসে সংশ্লিষ্ট ব্যবসায়ী/প্রতিষ্ঠানের নথি আপডেট করতে হবে।

৯। চূড়ান্ত প্রতিবেদন:

নিরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যাবলী সমাপনান্তে নিরীক্ষকগণকে সংযুক্ত খালাসোত্তর নিরীক্ষা ম্যানুয়াল (ট্রানজেকশন-ভিত্তিক নিরীক্ষা) অনুসরণপূর্বক একটি চূড়ান্ত নিরীক্ষা প্রতিবেদন তৈরি করতে হবে।

১০। বাণিজ্য সহজীকরণ বা ট্রেড ফ্যাসিলিটেশনের স্বার্থে জাতীয় রাজস্ব বোর্ড সময়ে সময়ে এ আদেশের পরিবর্তন সংশোধন বা বিয়োজনের মাধ্যমে একটি কার্যকর খালাসোত্তর নিরীক্ষা পদ্ধতি প্রবর্তনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

১১। এই সাধারণ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

(মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি)
চেয়ারম্যান

নথি নং-১(২৩) Customs Modernization/ADB/PCA-2/2013(Part-1)/


তারিখ: ৩১/০৫/২০১৮ খ্রিঃ

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সদস্য (সকল), কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২। কমিশনার (সকল), কাস্টম হাউস।
- ৩। কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট।
- ৪। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।
- ৫। কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট (এলটিইউ), মূল্য সংযোগন কর (মুসক), ঢাকা।
- ৬। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমী, চট্টগ্রাম/ নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মুসক, ঢাকা/ শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা।
- ৭। মহাপরিচালক, গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৮। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
- ৯। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা-১/ঢাকা-২/চট্টগ্রাম/খুলনা।
- ১০। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। (তাকে আদেশটি কাস্টমস ওয়েব সাইট ও এনবিআর ওয়েব সাইটে দেয়ার ও মাঠ পর্যায়ের দপ্তরসমূহ সহ সংশ্লিষ্ট সকলকে ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)
- ১১। উপ পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (তাকে আদেশটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ১২। প্রথম সচিব (সকল), কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ১৩। দ্বিতীয় সচিব (সকল), কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।



(মোঃ রিয়াদুল ইসলাম)

দ্বিতীয় সচিব (কাস্টমস: আধুনিকায়ন ও প্রকল্প ব্যবস্থাপনা)

ই-মেইল: reyadulnabr@gmail.com

সেলফোন: ০১৭২৯ ০৯৭ ৮৬৮